"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০১৬.০৬.০৩.১৮-৪৫

১৯ মাঘ ১৪২৬ বঃ
০২ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ

**বিষয়ঃ ডিসেম্বর, ২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ডিসেম্বর, ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতৎসংগে প্রেরণ করা হলো। সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন **আগামী ১৬ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে আবশ্যিকভাবে** (নিকস ফন্টে ই-মেইলে সফট কপিসহ) সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

02/02/20

(নাইমা আফরোজি ইমা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৪১০৩০২৪৯
dsparliament@probashi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০২। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৬। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৭। মাননীয় মন্ত্রী/সচিব এর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৮। উপসচিব (সকল)/উপপ্রধান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৯। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১১। জনসংযোগ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১৩। অফিস নথি।

"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

**ডিসেম্বর, ২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ সেলিম রেজা<br>সচিব<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ২৮ জানুয়ারি ২০২০ সকাল ১০:০০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি তালিকা | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি গত ১৯/১২/২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে অনুষ্ঠিত আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০১৯ উদযাপন আয়োজনের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে তাঁদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভা শুরু করেন। সভায় নভেম্বর, ২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা<br>বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং | প্রবাসী কর্মীর সন্তানদের জন্য বিদেশে স্কুল প্রতিষ্ঠা এবং প্রবাসী কর্মীদের জন্য বীমা নীতিমালা প্রণয়নের হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | ক) সৌদি আরব, বাহরাইন, এথেন্স এবং সংযুক্ত আরব আমিরাতের রাস আল খাইমাতে প্রবাসী কর্মীর সন্তানদের স্কুল প্রতিষ্ঠা সংক্রান্ত অগ্রগতি সভায় আলোচনা হয়। এ প্রেক্ষিতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অর্থায়নে স্কুল প্রতিষ্ঠা করা হবে মর্মে জানা যায়।<br><br>খ) আন্তর্জাতিক অভিবাসী দিবস উপলক্ষ্যে গত ১৯ শে ডিসেম্বর ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বীমা স্কিমটি উদ্বোধন করায় সিদ্ধান্তটি বাস্তবায়িত বলে গৃহীত হয়। | * প্রবাসী কর্মীর সন্তানদের জন্য বিদেশে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অর্থায়নে স্কুল স্থাপন করা হবে।<br><br>* প্রবাসী কর্মীর সন্তানদের জন্য বিদেশে স্কুল প্রতিষ্ঠার অগ্রগতির তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে। | অভিবাসী কল্যাণ অনুবিভাগ /মহাপরিচালক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২) মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন | মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করবে। | মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ২২টি সিদ্ধান্ত সর্ম্পকে গত ২৩-০১-২০২০ তারিখের ৩৮ নং স্মারকে সচিব মহোদয়কে অবহিত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে পত্র প্রাপ্তি সাপেক্ষে মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্য প্রেরণ করা হবে। | মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্য চাহিদা মোতাবেক প্রেরণ করতে হবে। | সকল অনুবিভাগ (মন্ত্রণালয়)/ দপ্তর-সংস্থা (সকল) |
| ৩) মন্ত্রণালয়ের ফ্লোর স্থানান্তর | ক) ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড এর পরবর্তী বোর্ড সভায় প্রবাসী কল্যাণ ভবনের ১৭, ১৮ এবং ১৯ তলা মন্ত্রণালয়ের অফিস হিসেবে ব্যবহারের প্রশাসনিক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) প্রবাসী কল্যাণ ভবনের ১৭, ১৮ এবং ১৯ তলা মন্ত্রণালয়ের অফিস হিসেবে ব্যবহারের কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) প্রবাসী কল্যাণ ভবনের লেভেল ১৭, ১৮ এবং ১৯ এ মন্ত্রণালয়ের অফিস স্থানান্তরের লক্ষ্যে ০৫-০১-২০২০ তারিখে অনুষ্ঠিত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ২৯২তম সভায় একটি কনসালটেন্সি ফার্ম এবং নির্বাহী প্রকৌশলী নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। নির্বাহী প্রকৌশলী নিয়োগ বিজ্ঞপ্তি ১৪-০১-২০২০ তারিখে দৈনিক যুগান্তর ও ডেইলী স্টার পত্রিকায় প্রকশিত হয়েছে। এছাড়া, গঠিত কমিটির প্রতিনিধি মনোনয়নের জন্য সংশ্লিষ্টদের পত্র প্রেরণ করা হয়েছে। | ক) প্রবাসী কল্যাণ ভবনের ১৭, ১৮ এবং ১৯ তলা মন্ত্রণালয়ের অফিস হিসেবে ব্যবহারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অবহিত করতে হবে। | প্রশাসন ও অর্থ অনুবিভাগ /মহাপরিচালক, ওয়েজ আর্নার্স ওয়েল ফেয়ার বোর্ড |
| ৪) মুজিব বর্ষ ২০২০ উদযাপন | মুজিববর্ষ ২০২০ এর সকল কর্মসূচি যথাযথভাবে সর্বাধিক গুরুত্ব দিয়ে বাস্তবায়ন করতে হবে। | উপসচিব (প্রশাসন) মুজিববর্ষ ২০২০ উপলক্ষ্যে গৃহীত বিভিন্ন কর্মসূচি সভায় উপস্থাপন করেন। এ প্রেক্ষিতে মন্ত্রণালয়ের নীচতলায় বঙ্গবন্ধু কর্ণার স্থাপন, ডিসপ্লে বোর্ড স্থাপন এবং সারাদেশে সকল টিটিসি, ডিইএমও-তে সিআরআই এর অনুমোদন নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ম্যুরেল স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | ক) মুজিববর্ষ ২০২০ উপলক্ষ্যে মন্ত্রণালয়ের নীচতলায় কাউন্টডাইন টাইমারসহ ডিসপ্লে বোর্ড আগামী ০৬-০২-২০২০ তারিখের মধ্যে স্থাপন করতে হবে।<br>খ) মন্ত্রণালয়ের নীচ তলায় বঙ্গবন্ধু কর্ণার স্থাপন স্থাপন করতে হবে।<br><br>গ) সকল টিটিসি, ডিইএমও-তে সিআরআই এর অনুমোদন নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ম্যুরেল স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) মহাপরিচালক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br><br>খ) প্রশাসন ও অর্থ অনুবিভাগ /মহাপরিচালক, ওয়েজ আর্নার্স ওয়েল ফেয়ার বোর্ড<br><br>গ) মহাপরিচালক বিএমইটি |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৫) বিভিন্ন মন্ত্রণালয়ের সভায় অংশগ্রহণ ও অবহিতকরণ | নতুন আলোচ্যসূচিভুক্ত করা হয়েছে। | মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ বিভিন্ন সময়ে বিভিন্ন আন্ত:মন্ত্রণালয় সভা, বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনারে অংশগ্রহণ করেন। এ প্রেক্ষিতে লব্ধ অভিজ্ঞতা ও গুরুত্বপূর্ণ বিষয় অবগত করার জন্য অর্থ বিভাগের অনুসৃত ফরমেটের আদলে প্রশাসন শাখা একটি ছক সরবরাহ করবে এবং সেই মোতাবেক কর্মকর্তাগণ প্রতিবেদন দাখিল করবেন মর্মে আলোচনা করা হয়।<br><br>এছাড়া, অন্যান্য মন্ত্রণালয়ে বিভিন্ন সভায় অংশগ্রহণের জন্য মন্ত্রণালয় ভিত্তিক কর্মকর্তা/ডেস্ক নির্ধারণ করতে হবে। এক্ষেত্রে বিভিন্ন বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকাও পর্যালোচনা করতে হবে। | * বিভিন্ন আন্ত:মন্ত্রণালয় সভা/ বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনারে অংশগ্রহণের প্রতিবেদন দাখিলের জন্য একটি একীভুত ছক সরবরাহ করতে হবে।<br><br>* অন্যান্য মন্ত্রণালয়ে বিভিন্ন সভায় অংশগ্রহণের জন্য মন্ত্রণালয় ভিত্তিক কর্মকর্তা/ডেস্ক নির্ধারণ করতে হবে। | প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| ৬) মনিটরিং টুলস প্রণয়ন | নতুন আলোচ্যসূচিভুক্ত করা হয়েছে। | অভিবাসন সংক্রান্ত কার্যাবলি সঠিকভাবে হচ্ছে কিনা তা অনুসন্ধান করতে প্রতি মাসে ৫০ জন অভিবাসীর কর্মীর তথ্য সংগ্রহ করে পর্যালোচনা করা যেতে পারে এবং মনিটরিং এর জন্য মনিটরিং ফরমেট প্রণয়ন ও মনিটরিং টুলস নির্ধারণ করা প্রয়োজন মর্মে আলোচনা করা হয়। | অভিবাসন সংক্রান্ত কার্যাবলি সঠিকভাবে হচ্ছে কিনা তা মনিটরিং এর জন্য আগামী ০৬-০২-২০ তারিখের মধ্যে মনিটরিং ফরমেট প্রণয়ন ও মনিটরিং টুলস নির্ধারণ করে প্রেরণ করতে হবে। | মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ |
| ৭) মন্ত্রণালয়ের ওয়েবসাইট হালনাগাদকরণ | ক. ১) সিটেজেন্স চার্টার হালনাগাদ করে ৩১/১২/২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ক.১) সিটেজেন্স চার্টার হালনাগাদ করে গত ৩১/১২/২০১৯ তারিখে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | ক. ১) সিটেজেন্স চার্টার নিয়মিত হালনাগাদ করে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ফোকাল পয়েন্ট সিটেজেন্স চার্টার/ আইসিটি/ আরটিআই |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | ক. ২) আন্তর্জাতিক অভিবাসী দিবস, ২০১৯ উপলক্ষ্যে প্রস্তুতকৃত স্মরণিকা ও অভিবাসী দিবসের পুরো কর্মসূচি সংক্রান্ত ডকুমেন্টের সফটকপি সংগ্রহপূর্বক সহকারী প্রোগ্রামার ওয়েবসাইটে আপলোডপূর্বক সংসদ ও সমন্বয় শাখায় প্রতিবেদন দাখিল করবেন। | ক.২) আন্তর্জাতিক অভিবাসী দিবস, ২০১৯ উপলক্ষ্যে প্রস্তুতকৃত থিমসং ও ডকুমেন্টারী ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। স্মরণিকা ও অভিবাসী দিবসের পুরো কর্মসূচি সংক্রান্ত ডকুমেন্টের সফটকপি ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সহকারী প্রোগ্রামারকে নির্দেশনা দেয়া হয়। | ক. ২) আন্তর্জাতিক অভিবাসী দিবস, ২০১৯ উপলক্ষ্যে প্রস্তুতকৃত স্মরণিকা ও অভিবাসী দিবসের পুরো কর্মসূচি সংক্রান্ত ডকুমেন্টের সফটকপি সংগ্রহপূর্বক সহকারী প্রোগ্রামার ওয়েবসাইটে আপলোডপূর্বক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সহকারী প্রোগ্রামার |
| | ক.৩) বিদেশে কর্মসংস্থানের উদ্দেশ্যে গমনের জন্য অনুসরণীয় ধাপসমূহের ফ্লোচার্ট আগামী ০৭/১২/২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয় ও বিএমইটির ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ক.৩) দেশভিত্তিক কর্মসংস্থানের জন্য অনুসরণীয় ধাপসমূহ বিশেষ করে জাপান, কোরিয়ায় কর্মসংস্থানের জন্য অনুসরণীয় ধাপসমূহ মন্ত্রণালয় ও বিএমইটির ওয়েবসাইটে আপলোড করতে হবে মর্মে আলোচনা হয়। এছাড়া, বিদেশগমনেচ্ছু কর্মীদের করণীয় ও বর্জনীয় সম্পর্কিত তথ্য ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক.৩) জাপান, কোরিয়ায় কর্মসংস্থানের জন্য অনুসরণীয় ধাপসমূহ এবং বিদেশে কর্মসংস্থানের উদ্দেশ্যে গমনের জন্য কর্মীদের করণীয় ও বর্জনীয় সম্পর্কিত তথ্য আগামী ০৬-০২-২০ তারিখের মধ্যে মন্ত্রণালয় ও বিএমইটির ওয়েবসাইটে আপলোড করতে হবে। | মহাপরিচালক, বোয়েসেল/ মহাপরিচালক, বিএমইটি/ প্রশিক্ষণ অনুবিভাগ/ সহকারী প্রোগ্রামার |
| ৮) ই-নথি কার্যক্রম ও ল্যাপটপ ক্রয় | ক) ই-নথিতে সর্বোচ্চ নম্বর পেতে প্রত্যেক শাখা প্রতিমাসে নোট নিষ্পন্নসহ কমপক্ষে ২০ টি পত্র জারি করবে এবং ই-ফাইলিং ব্যবহারের ক্ষেত্রে এ মন্ত্রণালয় ১ম হতে হবে। | ক) মন্ত্রণালয়ের ই-নথি কার্যক্রম সংক্রান্ত ড্যাশবোর্ডের হালনাগাদ কপি পর্যালোচনায় দেখা যায় জানুয়ারি মাসের ১ম পক্ষে ই নথিতে এ মন্ত্রণালয়ের অবস্থান ১৩তম। ই-নথি কার্যক্রমে মন্ত্রণালয়কে প্রথম অবস্থানে উন্নীত করতে পত্র জারির উপর গুরুত্বারোপ করা হয়। | ক) ই-নথিতে সর্বোচ্চ নম্বর পেতে প্রত্যেক শাখা হতে প্রতিমাসে কমপক্ষে ২০ টি পত্র জারি করতে হবে। | ক) সকল অনুবিভাগ |
| | খ) ই-নথি কার্যক্রম আরো গতিশীল করতে Bandwidth বাড়ানোর নিমিত্ত OTM পদ্ধতিতে পুনরায় টেন্ডার করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | খ) ই-নথি কার্যক্রম আরো গতিশীল করতে Bandwidth বাড়ানোর জন্য OTM পদ্ধতিতে পুনরায় টেন্ডারের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | খ) ই-নথি কার্যক্রম আরো গতিশীল করতে Bandwidth বাড়ানোর নিমিত্ত OTM পদ্ধতিতে পুনরায় টেন্ডার করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | খ) প্রশাসন ও অর্থ অনুবিভাগ |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | গ) প্রতি সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ের ই-নথি কার্যক্রমের ড্যাশবোর্ডের কপি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | গ) ল্যাপটপ ক্রয় : মন্ত্রণালয়ের শাখা কর্মকর্তাবৃন্দের দক্ষতা উন্নয়ন ও কার্যক্রম বেগবান করতে সকল শাখা কর্মকর্তা (উপসচিব / সিনিয়র সহকারী সচিব) –কে ল্যাপটপ ক্রয়পূর্বক সরবরাহ করার বিষয়ে আলোচনা করা হয। | গ) মন্ত্রণালয়ের সকল শাখা কর্মকর্তা (উপসচিব / সিনিয়র সহকারী সচিব) –কে ল্যাপটপ ক্রয়পূর্বক সরবরাহ করতে হবে। | গ) প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| ৯) শাখা পরিদর্শন | কর্মকর্তাগণ শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করবেন। | সেবা এবং কল্যাণ শাখা হতে শাখা পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। মনিটরিং ও এনফোর্সমেন্ট, বাজেট, গবেষণা ও নীতি শাখা হতে শাখা পরিদর্শন করা হয়েছে মর্মে জানানো হয়েছে। প্রত্যেকের বসার কক্ষ এবং শাখা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে মর্মে আলোচনা হয়। | * কর্মকর্তাগণ স্ব স্ব বসার কক্ষ এবং শাখা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করবেন।<br>* কর্মকর্তাগণ শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ করবেন। | সকল কর্মকর্তা (মন্ত্রণালয়) |
| ১০) অডিট আপত্তি | ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে এবং এ সংক্রান্ত হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | বিগত ০৪-১১-২০১৯ তারিখে ২২টি অডিট আপত্তি নিয়ে ০১ টি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ২০১৮ সালের ১৭টি এবং পূর্বের ০৫টি সহ মোট ২২টি আপত্তি নিয়ে আলোচনা হয়। আলোচনার ভিত্তিতে জবাব পাঠানো হলে ১২টি আপত্তি নিষ্পন্ন হবে বলে আশা করা যায়।<br>২০১৭-১৮ অর্থবছরের ২৩ টি আপত্তি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য ০২-১২-২০১৯ তারিখে মন্ত্রণালয়ে ০১টি অভ্যন্তরীন সভা অনুষ্ঠিত হয়েছে। যার কার্যবিবরণী শীঘ্রই দূতাবাস অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে।<br>বিগত ১৭/১২/২০১৯ থেকে ২২/১২/২০১৯ পযন্ত ২০১৮-১৯ অর্থ বছরের অডিট সম্পাদিত হয়। ২০১৮-১৯ অর্থ বছরে নিরীক্ষা জিজ্ঞাসাপত্রের জবাব বিগত | ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে এবং এ সংক্রান্ত হালনাগাদ তথ্য প্রেরণ করতে হবে। | প্রশাসন ও অর্থ অনুবিভাগ ও দপ্তর/সংস্থা (সকল) |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | ১৩/০১/২০২০ তারিখ অডিট অফিসের প্রতিনিধির কাছে প্রদান করা হয়েছে।<br><br>**বিএমইটিঃ** অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধির লক্ষ্যে দ্বিপাক্ষিক সভাসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। অডিট আপত্তি নিষ্পত্তির হার ৭৬%।<br>**বোয়েসেলঃ** অনিষ্পন্ন ৪টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে তা বোয়েসেল পরিচালনা বোর্ডের সভায় উপস্থাপনের জন্য দূতাবাস অডিট অধিদপ্তর মৌখিকভাবে প্রস্তাব দিয়েছেন।<br>**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডঃ** অনিষ্পন্ন ১১টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দূতাবাস অডিট অধিদপ্তরের পরামর্শ মোতাবেক ব্রডশীট জবাব প্রস্তুতির কাজ চলমান রয়েছে। | | |
| ১১) ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা | ১) নিরাপদ অভিবাসন বিষয়ক কার্যক্রম, জেলা সেমিনার ও প্রচারণা সংক্রান্ত হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করবেন।<br><br>২) পরবর্তী উন্নয়ন মেলার অনুষ্ঠানের পূর্বেই উন্নয়ন মেলায় পুরস্কারপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের প্রধানগণকে সংবর্ধনা প্রদান অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | **১) সচেতনতামূলক সেমিনার, প্রচার-প্রচারণা ও প্রেস ব্রিফিং এর জন্য বরাদ্দ**<br><br>গত ২০১৮-১৯ অর্থবছরে জেলা পর্যায়ে ৭১,০০০/- টাকা এবং উপজেলা পর্যায়ে ১০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। ২০১৯-২০ অর্থবছরে বিভাগীয় পর্যায়ে ৯৭,০০০/- টাকা, উপজেলা পর্যায়ে ৫৫,৮০০/-টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে গত ২২-১২-২০১৯ তারিখে ঢাকা বিভাগীয় সেমিনার অনুষ্ঠিত হয়েছে। অন্যান্য বিভাগের সেমিনার সক্রান্ত হালনাগাদ তথ্য সংশ্লিষ্ট কর্মকর্তা সভাকে অবহিত করবেন।<br><br>২) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সাথে আলোচনা করে মহাপরিচালক, বিএমইটি উন্নয়ন মেলায় পুরস্কারপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের প্রধানগণকে সংবর্ধনা প্রদান অনুষ্ঠান আয়োজন করবেন। | ১) নিরাপদ অভিবাসন বিষয়ক কার্যক্রম, জেলা সেমিনার ও প্রচারণা সংক্রান্ত হালনাগাদ তথ্য প্রেরণ করবেন।<br><br>২) পরবর্তী উন্নয়ন মেলার অনুষ্ঠানের পূর্বেই উন্নয়ন মেলায় পুরস্কারপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের প্রধানগণকে সংবর্ধনা প্রদান অনুষ্ঠান আয়োজন করতে হবে। | ১) মহাপরিচালক, বিএমইটি/ প্রশিক্ষণ অনুবিভাগ<br><br>২) মহাপরিচালক, বিএমইটি |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১২) কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস পরিদর্শন | মন্ত্রণালয়ের কর্মকর্তাদের টিটিসি/ ডিইএমও পরিদর্শন ও উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক সংসদ ও সমন্বয় শাখাকে অবহিত করতে হবে। | মন্ত্রণালয়ের কর্মকর্তাদের টিটিসি/ ডিইএমও পরিদর্শন ও উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়নের কার্যক্রম চলমান। | মন্ত্রণালয়ের কর্মকর্তাদের টিটিসি/ ডিইএমও পরিদর্শন ও উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক অবহিত করতে হবে। | প্রশিক্ষণ অনুবিভাগ |
| ১৩) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ক) ২০১৯-২০ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তি করতে হবে এবং এ সংক্রান্ত তথ্য বাজেট শাখায় নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। | ক) ডিসেম্বর ২০১৯ মাসে সর্বোমোট ৩০৯টি অভিযোগ পাওয়া গেছে। তার মধ্যে ২০০ টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। সে মোতাবেক ডিসেম্বর ২০১৯ মাসে অভিযোগ নিষ্পত্তির হার ৬৪.৭২%। এছাড়া, অনিষ্পন্ন অভিযোগসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। | ক) ২০১৯-২০ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তি করতে হবে এবং এ সংক্রান্ত তথ্য বাজেট শাখায় নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। | ক) প্রশাসন ও অর্থ অনুবিভাগ ও দপ্তর/সংস্থা (সকল) |
| | খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে এ মন্ত্রণালয়ের অবস্থান সংক্রান্ত প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | খ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতি মাসের ১০ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রেতিবেদন গত ১৪ জানুয়ারি ২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ১ম ও ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা যথাযথভাবে অর্জিত হয়েছে। গত ০৮/০১/২০২০ খ্রিঃ তারিখে এপিএ ও এনআইএস এর ডিসেম্বর ২০১৯ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। | খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে এ মন্ত্রণালয়ের অবস্থান সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | খ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) |
| | গ) বিনষ্টযোগ্য এবং বিনষ্টকৃত নথির তালিকা বাজেট শাখায় প্রেরণ করতে হবে। | গ) বিনষ্টযোগ্য এবং বিনষ্টকৃত নথির তালিকা বাজেট শাখায় প্রেরণ করতে হবে। | গ) বিনষ্টযোগ্য এবং বিনষ্টকৃত নথির তালিকা বাজেট শাখায় প্রেরণ করতে হবে। | গ) সকল শাখা কর্মকর্তা |
| | ঘ) মন্ত্রণালয়ের ইনোভেশন বিষয়ক লক্ষ্য বাস্তবায়নে কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ঘ) মন্ত্রণালয়ের ইনোভেশন বিষয়ক লক্ষ্য বাস্তবায়নে কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজনে এবং প্রত্যেক উইং হতে ইনোভেশনের জন্য আইডিয়া প্রদান করতে হবে মর্মে আলোচনা হয়। | ঘ) মন্ত্রণালয়ের ইনোভেশন বিষয়ক লক্ষ্য বাস্তবায়নে কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন এবং প্রত্যেক উইং হতে ইনোভেশনের জন্য আইডিয়া প্রদান করতে হবে। | ঘ) অনুবিভাগ (সকল) /ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | ঙ) প্রতি মাসের ৪র্থ বুধবার সকাল ১০ ঘটিকায় মাসিক সমন্বয় সভা আয়োজন করতে হবে।<br>চ) প্রতি মাসের ৪র্থ বৃহস্পতিবার সকাল ৯:৩০ ঘটিকায় Knowledge Sharing সভা অনুষ্ঠিত হবে। | ঙ) বাস্তবায়িত<br>চ) Knowledge Sharing সভার তারিখ নির্ধারণপূর্বক প্রশাসন শাখা হতে অফিস আদেশ জারি করা হয়েছে। সে প্রেক্ষিতে প্রতিমাসের মাসের ৪র্থ বৃহস্পতিবার সকাল ৯:৩০ ঘটিকায় Knowledge Sharing সভা অনুষ্ঠিত হবে। | চ) প্রশাসন শাখা হতে জারিকৃত অফিস আদেশ অনুসারে প্রতি মাসের ৪র্থ বৃহস্পতিবার সকাল ৯:৩০ ঘটিকায় Knowledge Sharing সভা অনুষ্ঠিত হবে। | |
| ১৪) মামলা সংক্রান্ত | মামলা নিষ্পত্তির বিষয়ে আরো সতর্ক ও তৎপর হতে হবে এবং মামলা নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | বিএমইটির মোট মামলার সংখ্যা-১৭৪। অনিষ্পন্ন মামলার সংখ্যা-১৫৯টি। বোয়েসেলের মামলার সংখ্যা-১টি। কল্যাণ বোর্ড: রীট মামলা-৩টি। মামলাসমূহ পরিচালনার যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>গত ১২ ডিসেম্বর তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে জনবল নিয়োগ সংক্রান্ত পর্যালোচনা সভায় অনিষ্পন্ন মামলাগুলির তালিকা ৩১ ডিসেম্বর এর মধ্যে সলিসিটর উইং, আইন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য জানানো হয়েছিল। সংশ্লিষ্ট কর্মকর্তা এ বিষয়ের অগ্রগতি সভাকে অবহিত করতে পারেন। | মামলা নিষ্পত্তির বিষয়ে আরো সতর্ক ও তৎপর হতে হবে এবং মামলা নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য প্রেরণ করতে হবে। | মনিটরিংও এনর্ফোসমেন্ট অনুবিভাগ/ ও দপ্তর/সংস্থা (সকল) |
| ১৫) ভিজিলেন্স টাস্কফোর্স সংক্রান্ত | ক) ভিজিলেন্স টাস্কফোর্স অভিযান সংক্রান্ত হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় নিয়মিত প্রেরণ করতে হবে।<br>খ) গন্তব্য দেশ কর্তৃক অনুমোদিত মেডিকেল সেন্টারের তদারকির বিষয়ে মনিটরিং ও এনফোর্সমেন্ট শাখা | ক) জুলাই-ডিসেম্বরের মধ্যে ১১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়। এতে ৪ জনকে জেল দেয় হয়। মোট জরিমানা করা হয় ১২ লাখ ৫০ হাজার টাকা।<br>খ) বিদেশ গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা করানোর জন্য মেডিকেল সেন্টার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি প্রকাশের প্রেক্ষিতে মোট ২০৪টি আবেদন পাওয়া যায়। এ বিষয়ে চূড়ান্ত বাছাইয়ের কাজ চলমান। | ক) ভিজিলেন্স টাস্কফোর্স অভিযান সংক্রান্ত হালনাগাদ তথ্য নিয়মিত প্রেরণ করতে হবে।<br>খ) গন্তব্য দেশ কর্তৃক অনুমোদিত মেডিকেল সেন্টারের তদারকির বিষয়ে মনিটরিং ও এনফোর্সমেন্ট শাখা যথাযথ ব্যবস্থা | মনিটরিং এনফোর্সমেন্ট অনুবিভাগ |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক সংসদ ও সমন্বয় শাখাকে অবহিত করবেন। | | গ্রহণপূর্বক অবহিত করতে হবে। | |
| ১৬) অনিষ্পন্ন বিষয় | ক) মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা মন্ত্রণালয়ের নিকট অনিষ্পন্ন পত্রের তালিকা প্রেরণ করবেন।<br><br>খ) মন্ত্রণালয় কর্তৃক দপ্তর/সংস্থাগুলির নিকট অনিষ্পন্ন পত্রের তালিকা পরবর্তী সভার পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় সংশ্লিষ্ট উইং প্রেরণ নিশ্চিত করবে। | বিএমইটি হতে প্রাপ্ত অনিষ্পন্ন পত্রের তালিকা এ মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থার প্রশাসন অধিশাখায় প্রেরণ করা হয়েছে।<br><br>বর্তমানে মন্ত্রণালয়ের নিকট ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কোনো অনিষ্পন্ন পত্র নেই। | মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা মন্ত্রণালয়ের নিকট অনিষ্পন্ন পত্রের তালিকা প্রেরণ করবে। | অনুবিভাগ প্রধানগণ (মন্ত্রণালয়) ও দপ্তর/সংস্থা (সকল) |
| ১৭) সংসদ অধিবেশন সংক্রান্ত তথ্য | সংসদের প্রশ্নসমূহের বস্তুনিষ্ঠ তথ্যসহ সঠিক উত্তর ও সম্পূরক প্রশ্নোত্তর প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংসদের প্রশ্নসমূহের বস্তুনিষ্ঠ তথ্যসহ সঠিক উত্তর ও সম্পূরক প্রশ্নোত্তর প্রেরণ নিশ্চিত করতে হবে মর্মে আলোচনা করা হয়। | সংসদের প্রশ্নসমূহের বস্তুনিষ্ঠ তথ্যসহ সঠিক উত্তর ও সম্পূরক প্রশ্নোত্তর প্রেরণ নিশ্চিত করতে হবে। | সকল অনুবিভাগ এবং দপ্তর/সংস্থা (সকল)/ কাউন্সিল অফিসার |
| ১৮) **বিবিধ**<br>১৮.১) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ | জাতীয় স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখাকে অবহিত করতে হবে। | মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ২৫ আগস্ট ২০১৯ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক জাতীয় স্টিয়ারিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী সংশ্লিষ্টদের প্রেরণ করা হয়েছে। জাতীয় স্টিয়ারিং কমিটির বাস্তবায়নকারী কর্তৃপক্ষসমূহকে সম্পৃক্ত করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের কার্যসমূহের উপর একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে । কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সভায় আলোচনা হতে পারে। | জাতীয় স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্য অবহিত করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ গবেষণা ও নীতি অনুবিভাগ |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১৮.২) মন্ত্রণালয়ের জন্য গাড়ি ক্রয় | মন্ত্রণালয়ের গাড়ি ক্রয়ের সংশ্লিষ্ট খাতের অর্থ হতে একটি গাড়ি ক্রয় করতে হবে। | মন্ত্রণালয়ের গাড়ি ক্রয়ের সংশ্লিষ্ট খাতের অর্থ হতে একটি গাড়ি ক্রয় করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে মর্মে আলোচনা হয়। | মন্ত্রণালয়ের গাড়ি ক্রয়ের সংশ্লিষ্ট খাতের অর্থ হতে একটি গাড়ি ক্রয় করতে হবে। | প্রশাসন ও অর্থ অনুবিভাগ |

দপ্তর/সংস্থা :

২. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ব্যুরোকে অধিদপ্তরে রূপান্তর সংক্রান্ত | ক) ব্যুরোকে অধিদপ্তরে রূপান্তর সংক্রান্ত প্রস্তাবটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে । | ক) ব্যুরোকে অধিদপ্তরে রূপান্তরের সম্মতির বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে গত ০১/০১/২০২০ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে । | ক) ব্যুরোকে অধিদপ্তরে রূপান্তর সংক্রান্ত প্রস্তাবটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে । | মহাপরিচালক, বিএমইটি ও দপ্তর/সংস্থা অনুবিভাগ |
| | খ) সিশেলস ও কম্বোডিয়ায় কর্মী প্রেরণের প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | খ) সরকারি উদ্যোগে সেশেসল এ কর্মী প্রেরণের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ৩১/১২/২০১৯ তারিখে সিশেসল এর ০৬ (ছয়) জন কর্মীকে স্মার্টকার্ড প্রদান করেন এবং ইতোমধ্যে কর্মীগণ সিশেলস গমন করেছেন। | | |

৩. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড:

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| চলমান কার্যক্রম সংক্রান্ত | কল সেন্টারের মাধ্যমে যাচিত তথ্য/সহযোগিতা প্রদানে তৎপর থাকতে হবে। | গত ডিসেম্বর/২০২০ মাসে প্রবাসবন্ধু কল সেন্টারে ১৯৮টি কল পাওয়া যায়। যা নিষ্পত্তি/সমাধান করা হয়েছে। | কল সেন্টারের মাধ্যমে যাচিত তথ্য/সহযোগিতা প্রদানে তৎপর থাকতে হবে। | মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |

৪.বোয়েসেল :

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| বোয়েসেলের কার্যক্রম | ক) নতুন শ্রমবাজার অনুসন্ধানে তৎপরতা ও বিদেশে কর্মী প্রেরণের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ক) নতুন শ্রমবাজার অনুসন্ধান / শ্রমবাজার সম্প্রসারণ বিষয়ে বোয়েসেল কর্তৃক গৃহীত পদক্ষেপ সমূহঃ<br>● বিভিন্ন শ্রমিক আমদানিকারক দেশের সঙ্গে যোগাযোগ করে ঐ সকল দেশে বাংলাদেশি শ্রমিক নিয়োগের অনুরোধ পত্র প্রেরণ (পত্র যোগাযোগ, দূতাবাসের সহায়তা, ই-মার্কেটিং);<br>● বিদেশ সফরের মাধ্যমে বিদেশে শ্রমিক প্রেরণে নতুন নতুন বাজার অন্বেষণ।<br>● বিদ্যমান ও নতুন কোম্পানিগুলোর সাথে যোগাযোগ রক্ষা এবং বোয়েসেল-এর অংশীজনদের সাথে নিয়মিত আলোচনা সভার আয়োজন;<br>● জাপান, সংযুক্ত আরব আমিরাত, সিশেলস, ওমান, মালদ্বীপ ও মরিশাসসহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে নতুন বাজার অনুসন্ধান জোরদার;<br>● কোরিয়া , ব্রুনাইসহ অন্যান্য দেশে অধিক কর্মী প্রেরণের লক্ষ্যে বাংলাদেশী কর্মীদের কাজের মূল্যায়ন সম্পর্কে কোরিয়ান নিয়োগকারী কোম্পানির সাথে বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে পর্যালোচনা ও জরিপ কার্যক্রম পরিচালনা;<br>● বিভিন্ন শ্রমিক আমদানিকারক দেশে অধিক কর্মী প্রেরণের লক্ষ্যে নিয়োগকারী কোম্পানি থেকে ডিমান্ড পাওয়ার জন্য স্থানীয় এজেন্ট/লবিস্ট নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।<br>● বোয়েসেলের মাধ্যমে ডিসেম্বর ২০১৯, মাসে দক্ষিণ কোরিয়া ও জর্ডানে মোট ১৩৬৪ জন কর্মী গমন করেছে। | ক) নতুন শ্রমবাজার অনুসন্ধানে তৎপরতা ও বিদেশে কর্মী প্রেরণের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল |

| | | | | |
|---|---|---|---|---|
| | খ) সিশেলস ও কম্বোডিয়ায় কর্মী প্রেরণের প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | খ) সিশেলস জনশক্তি রপ্তানির ক্ষেত্রে বোয়েসেল এর জন্য একটি সম্পূর্ণ নতুন শ্রমবাজার। উক্ত দেশ হতে ইতিমধ্যে ইমেইল-এর মাধ্যমে সীমিত সংখ্যক কর্মীর চাহিদা পাওয়া যাচ্ছে। | খ) সিশেলস ও কম্বোডিয়ায় কর্মী প্রেরণের প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | |

৬. প্রবাসী কল্যাণ ব্যাংক

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৬.১ প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম | প্রবাসী কল্যাণ ব্যাংক এর কার্যক্রম সংক্রান্ত হালনাগাদ তথ্য নিয়মিত সমন্বয় সভার পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | প্রবাসী কল্যাণ ব্যাংক এর কার্যক্রম সংক্রান্ত হালনাগাদ তথ্য পাওয়া গিয়েছে | প্রবাসী কল্যাণ ব্যাংক এর কার্যক্রম সংক্রান্ত হালনাগাদ তথ্য নিয়মিত সমন্বয় সভার পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক |

পরিশেষে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কার্যক্রম পরিচালনা এবং অভিবাসন ব্যবস্থায় সুশাসন প্রতিষ্ঠা কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সকলকে আরো দায়িত্বশীল ও মনোযোগী হওয়ার আহবান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১/২০২০

(মোঃ সেলিম রেজা)
সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়